



তারাকান্দা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

- সভাপতি : জনাব মোঃ ফজলুল হক
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
- সভার তারিখ ও সময় : ২৬/১১/২০২০ খ্রিঃ বেলা ১১.০০ টা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

জনাব মোঃ ফজলুল হক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ-এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য সূচির ক্রমধারা অনুযায়ী আলোচনা শুরু করেন। সভায় নিম্নরূপ আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচি-১ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃষ্টিকরণ।

বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কারো কোনো সংযোজন বিয়োজন কিংবা সংশোধনী না থাকায় সর্বসম্মতি ক্রমে উক্ত কার্যবিবরণী অনুমোদন ও দৃষ্টি করণ করা হয়।

আলোচ্য সূচি-২ঃ গত সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা।

২) গত সভার বিভিন্ন বিভাগের গৃহিত কার্যক্রম সময়মত সম্পন্ন হয়েছে।

৩) উপজেলার অধিগ্রহণকৃত ভূমি উপজেলা পরিষদের ভূমিতে উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে।

আলোচ্য সূচি-৩ঃ কমিটি সমূহের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

কোন সুপারিশ নাই।

আলোচ্য সূচি-৪ঃ নতুন আইন, বিধি ও প্রজ্ঞাপন অবহিত করণ।

ক. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহনপুল ভবন সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা স্মারক নং- ৪৮.০০.০০০০.০০৫.১৬.০০৫.২০-১৬৯ তারিখ-২৯/১০/২০২০ পত্র মূলে একাদশ জাতীয় সংসদের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১৩ তম বৈঠকে বিভিন্ন রাস্তাঘাট বীর মুক্তিযোদ্ধাদের নামে নামকরণ করার জন্য সকল উপজেলা নির্বাহী অফিসারদের এবং জেলা প্রশাসকদের পত্র দিয়ে জানিয়ে দেয়ার সুপারিশ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

খ. ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সমন্বয়শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা স্মারক নং-১৬.০০.০০০০.০২১.১৬.০০২.২০.৩৪০ তারিখ-০৮/১১/২০২০ পত্রের আলোকে কোভিড-১৯ (দ্বিতীয় পর্যায়) এর বিস্তার মোকাবিলায় মাস্ক পরিধান নিশ্চিতকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

অক্টোবর/২০২০ মাসের ব্যয় নিম্নরূপঃ

- ক) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যানগণের সম্মানী ভাতা বাবদ-৯১,০০০/-
- খ) উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুসঙ্গিক খরচ বাবদ- ৩৫,১৫০/-
- গ) অফিস সহায়কের বেতন ভাতা বাবদ-১০৩৫০/-
- ঘ) সুইপারের বেতন ভাতা বাবদ-৯৭০০/-
- ঙ) মালির বেতন ভাতা বাবদ-৯৭০০/-

আলোচ্য সূচি-৫ঃ বিবিধ

১। সভায় উপজেলা নির্বাহী অফিসার, নিম্নোক্ত প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন।

সিদ্ধান্তঃ সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত প্রকল্প উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে ব্যয় নির্বাহ করার প্রস্তাব গৃহীত হয়।

ক্রমিক নং	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ
১	উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংলগ্ন আনসার গার্ড হাউস তৈরি।	১,৫০,০০০/-